

Etymological meaning of Education

(শিক্ষার ব্যুৎপত্তিগত অর্থ)

Education Hons. (Semester – II)

Course Type : CC-4

Unit-1

Sub Unit-1.2

by

Patit Paul

Assistant Professor

Dept. of Education

Azad Hind Fouz Smriti Mahavidyalaya

patitpaul.gentle@gmail.com

শিখন উদ্দেশ্য : শিক্ষার ব্যুৎপত্তিগত অর্থ সমন্ধে
ধারণা গঠন

অধ্যয়ন শেষে শিক্ষার্থীরা নিম্নলিখিত প্রশ্নটির উত্তর
দিতে সক্ষম হবে :

শিক্ষার ব্যুৎপত্তিগত অর্থ সমন্ধে আলোচনা কর।

শিক্ষার ব্যুৎপত্তিগত অর্থ:

- ‘শিক্ষা’ শব্দের ব্যুৎপত্তিগত অর্থ খুঁজতে গেলে দেখা যায়, ‘শিক্ষা’ শব্দটির উৎপত্তি হয়েছে সংস্কৃত ‘শাস্’ ধাতু থেকে। এই ‘শাস্’ কথাটির অর্থ হল – ‘শাসন করা’, ‘নিয়ন্ত্রন করা’, ‘শিক্ষা দেওয়া’, ‘নির্দেশনা দেওয়া’, বা ‘শৃঙ্খলিত করা’ ইত্যাদি। অর্থাৎ এই অর্থে শিক্ষা হল একটি কৌশল মাত্র। সুতরাং এক কথায় বলা যায়, আমাদের কাজকর্ম যে কৌশলে নিয়ন্ত্রিত, শাসিত বা শৃঙ্খলিত হয়, তারই নাম শিক্ষা। অন্যভাবে বলা যায় – মানব আচরণকে নিয়ন্ত্রন, শাসন বা শৃঙ্খলিত করার নামই হল শিক্ষা।
- বাংলা ভাষায় আবার ‘শিক্ষা’ শব্দের সমার্থক শব্দ হিসাবে ‘বিদ্যা’ কথাটি ব্যবহার করা হয়। এই ‘বিদ্যা’ কথাটিও বাংলা ভাষায় গৃহীত হয়েছে সংস্কৃত শব্দভান্ডার থেকে। আসলে ‘বিদ্যা’ কথাটি সংস্কৃত ‘বিদ্’ ধাতু থেকে উৎপন্ন হয়েছে। এই ‘বিদ্’ কথাটির অর্থ হল – ‘জানা’ বা ‘জ্ঞান অর্জন করা’। সুতরাং এক্ষেত্রেও ওই একই জ্ঞান অর্জনের কৌশলের উপরই গুরুত্ব দেওয়া হয়েছে।

অন্যদিকে বাংলা ‘শিক্ষা’ শব্দটির ইংরাজী প্রতিশব্দ হল ‘Education’ । ইংরাজী এই ‘Education’ শব্দটির ব্যুৎপত্তিগত অর্থ বিশ্লেষণ করতে গিয়ে ভাষাবিদগণ ভিন্ন ভিন্ন মত প্রকাশ করেছেন । এই প্রত্যেকটি ব্যাখ্যারই আবার নিজস্ব তাৎপর্য আছে ।

- **প্রথম মত অনুযায়ী :** এই মতে বিশ্বাসী শিক্ষাবিদগণ বা ভাষাবিদগণ মনে করেন, ‘Education’ শব্দটি এসেছে ল্যাটিন শব্দ ‘*Educare*’ থেকে । এই ‘*Educare*’ শব্দটির অর্থ হল – ‘লালন পালন করা’ (to bring up), ‘পরিচর্যা করা’ (to nourish), ‘উত্তোলন করা’ (to raise), ইত্যাদি । অর্থাৎ এই অর্থে বলা যায়, শিক্ষা হল শিশু বা অপরিণত ব্যক্তিকে উপযুক্ত লালন পালন বা যত্নের মাধ্যমে জীবন পথে এগিয়ে নিয়ে যাওয়ার উপায় বা তাকে জীবনোপযোগী দক্ষতা ও কৌশল অর্জনে সহায়তা করা ।
- **দ্বিতীয় মত অনুযায়ী :** এই মতে বিশ্বাসী শিক্ষাবিদগণ বা ভাষাবিদগণ মনে করেন, ‘Education’ শব্দটি ল্যাটিন শব্দ ‘*Educere*’ থেকে এসেছে । এই ‘*Educere*’ শব্দটির অর্থ হল – ‘নির্দেশনা দান করা’ (to lead out), ‘নিষ্কাশন করা’ (to draw out) ইত্যাদি । অর্থাৎ এই অর্থে বলা যায়, শিক্ষা হল শিক্ষার্থীর

অন্তর্নিহিত সুপ্ত সম্ভবনা বা গুণাবলীর নিষ্কাশন বা টেনে বার করার প্রক্রিয়া এবং পাশাপাশি প্রয়োজনীয় নির্দেশ দানের মাধ্যমে তাকে জীবন পথে এগিয়ে নিয়ে যাওয়ার প্রক্রিয়া। সুতরাং এক কথায় বলা যায়, শিক্ষার্থীর মধ্যে যে সম্ভবনাগুলি সুপ্ত অবস্থায় থাকে, সেগুলি প্রকাশিত হতে সহায়তা করাই হল শিক্ষা।

তৃতীয় মত অনুযায়ী : এই মতে বিশ্বাসী শিক্ষাবিদগণ বা ভাষাবিদগণ মনে করেন, 'Education' শব্দটি এসেছে ল্যাটিন শব্দ 'Educatum' থেকে। এই 'Educatum' শব্দটির অর্থ হল - 'শিক্ষাদানের কাজ' বা 'শিক্ষণ' (teaching)। অর্থাৎ শিক্ষার ব্যুৎপত্তিগত এই অর্থ অনুযায়ী বলা যায়, শিক্ষার্থীকে উপযুক্ত বা যোগ্য শিক্ষাদানের মাধ্যমে বিকশিত করে তোলাই হল শিক্ষা।

সুতরাং শিক্ষার ব্যুৎপত্তিগত অর্থসমূহকে বিশ্লেষণ করে সংক্ষেপে বলা যায় - শিশুর জন্মের পর থেকে শুরু করে তাকে সযত্নে পরিচর্যা বা লালন পালনের মাধ্যমে তার পরিবেশ এবং আচরণসমূহকে নিয়ন্ত্রণের দ্বারা ধীরে ধীরে তাকে উপযুক্ত ব্যক্তিত্বের অধিকারী করে গড়ে তোলার প্রক্রিয়াই হল শিক্ষা।



শিক্ষার্থীদের কাজ:

- শিক্ষার ব্যুৎপত্তিগত অর্থ সমন্ধে আলোচনা কর।